

আজকের কাগজ

তারিখ ... 1-9 APR-1995 ...

পৃষ্ঠা ৬ কলাম ৩

১৭

ইসলামী বিশ্ববিদ্যালয় এক
মাস যাবত প্রশাসনবিহীন
ইসলামী বিশ্ববিদ্যালয় বর্তমানে দারুণ সংকটে পতিত হয়েছে। বর্তমানে বিশ্ববিদ্যালয়ে কোন প্রশাসন নেই। গত ১৯ মার্চ সর্বদলীয় ছাত্র একত্র ডাকে ছাত্র অভিযানে উপাচার্য বিশ্ববিদ্যালয় ত্যাগ করলে সেই থেকে এখানে উপাচার্য রেজিস্ট্রার ট্রেন্সারের কার্যক্রম বন্ধ রয়েছে। উল্লেখ্য, দীর্ঘদিন ধরে সর্বদলীয় ছাত্র-একা তথা ছাত্রলীগ, ছাত্রদল, ছাত্র ইউনিয়ন, ছাত্রমৈত্রী সভাতি সংগঠন রাজাকার উপাচার্য আব্দুল হামিদ ও তার দোসর রেজিস্ট্রার ট্রেন্সারের অপসারণ দাবি করে আসছিলো। এদিকে ১৯ মার্চ উপাচার্যের ক্যাম্পাস ছেড়ে চলে যাওয়ার প্রাক্কালে তিনি কাউকে উপাচার্যের দায়িত্ব অর্পণ করে যাননি। এমনকি রেজিস্ট্রার ট্রেন্সারের প্রমুখের কার্যালয়ে তালাবন্ধ করা হলে তাদের কার্যক্রমও বন্ধ রয়েছে। ফলে কার্যতঃ বিশ্ববিদ্যালয় অচল হয়ে পড়েছে। ইসলামী বিশ্ববিদ্যালয় থেকে আম্মানুর আমান।